পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা
একাডেমিক ও স্কলারশিপ শাখা
রেজিস্ট্রার এর কার্যালয়
টেলিফোন: (০২৫৮৮৮৪৩৬৯৪)
ইমেইল : academic@pust.ac.bd

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

স্মারক নং-পাবিপ্রবি/একা/২৩৬/৮৭০ তারিখ: ২২/০৮/২০২৩ খ্রি.

**GST গুচ্ছভুক্ত পদ্ধতিতে স্নাতক (ইঞ্জিনিয়ারিং/সম্মান), বি.বি.এ, বি.এস.এস, ব্যাচেলর অব আর্কিটেকচার ও বি. ফার্ম. প্রফেশনাল প্রোগ্রামে ১ম বর্ষে (শিক্ষাবর্ষ:২০২২-২০২৩) শিক্ষার্থী ভর্তির**

## বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ শিক্ষাবর্ষের GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষা পদ্ধতিতে A, B এবং C ইউনিটে ১ম মেধা তালিকা হতে ৪র্থ মেধা তালিকা পর্যন্ত (কোটাসহ) যে সকল শিক্ষার্থী ৫০০০/-(পাঁচ হাজার) টাকা জমা দিয়ে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি হয়েছেন এবং পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে মাইগ্রেটেড হয়েছেন, সে সকল শিক্ষার্থীদেরকে (যারা এ বিশ্ববিদ্যালয়ে চূড়ান্তভাবে ভর্তি হতে ইচ্ছুক) আগামী **২৭ ও ২৮ আগস্ট** ২০২৩ খ্রি. তারিখ যথাক্রমে রোজ রবিবার ও সোমবার সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে সংযুক্ত তালিকা অনুযায়ী স্বশরীরে স্ব-স্ব বিভাগে হাজির হয়ে নিম্নে উল্লেখিত প্রয়োজনীয় 'সনদপত্র' ও 'ফি' সমূহ জমা দিয়ে চূড়ান্ত ভর্তি হওয়ার জন্য বলা হলো, অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নিম্নে উল্লেখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

০১। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থী https://pust.ac.bd/admission2022-23 ওয়েবসাইটের মাধ্যমে GST-এর ID ও Password দিয়ে login করে সংশ্লিষ্ট বিভাগের ভর্তি ফরমটি যথাযথভাবে পূরণ করলে সকল তথ্য সম্বলিত PDF ফরম পাওয়া যাবে। প্রাপ্ত PDF ফরমটি A4 সাইজের অফসেট কাগজে দুই কপি প্রিন্ট নিতে হবে। অনলাইনে ভর্তি ফরম পূরণের জন্য নিম্নে উল্লেখিত বিষয়সমূহ বিশেষভাবে লক্ষণীয়:-

i. GST কর্তৃক প্রদত্ত ID ও Password
ii. রক্তের গ্রুপ (Blood Group) অবশ্যই জানা থাকতে হবে।
iii. NID অথবা Birth Certificate Number
iv. সংশ্লিষ্ট বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তির যাবতীয় প্রক্রিয়া অবশ্যই সম্পন্ন করতে হবে।

০২। **ভর্তির সময় নিম্নে বর্ণিত কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে** [ বি: দ্র: শিক্ষার্থীদের অনলাইনে পূরণকৃত ভর্তি ফরম প্রিন্ট করে হল প্রভোস্ট (ছাত্রদের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল ও ছাত্রীদের জন্য শেখ হাসিনা হল) এর স্বাক্ষর গ্রহণ করে প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে]:

i. পূরণকৃত ভর্তি ফরমের দুই কপি প্রিন্ট (A4 সাইজের অফসেট কাগজে)।
ii. এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান-এর মূল সার্টিফিকেট ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত মূল প্রশংসাপত্র।
iii. GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তির সময় নম্বরপত্রসমূহ দাখিলের রশিদ।
iv. এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান-এর সার্টিফিকেট, নম্বরপত্র ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি ০১ (এক) সেট।
v. ভর্তি পরীক্ষায় পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত মূল প্রবেশপত্র।
vi. সদ্য তোলা পাসপোর্ট সাইজের (ল্যাব প্রিন্ট) ০৪ (চার) কপি রঙিন সত্যায়িত ছবি।

০৩। বিভাগ ভিত্তিক প্রয়োজনীয় 'ফি' এর পরিমান নিম্নে দেয়া হলো:

| ক্র: নং | অনুষদের নাম | বিশ্ববিদ্যালয় ফি | সিলেবাস, শিক্ষা ও গবেষণা সহায়ক ফি | অনুষদ ফি | হল উন্নয়ন ফি | সর্বমোট টাকা |
|---|---|---|---|---|---|---|
| i. | ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ (CSE, EEE, EECE, ICE, Civil Eng, Architecture, URP) | ৯,৫০০ | ৪,০০০ | ৫০০ | ২০০ | ১৪,২০০ |
| ii. | বিজ্ঞান অনুষদ (Mathematics, Physics, Pharmacy, Chemistry, Statistics) | ৯,৫০০ | ৪,০০০ | ৫০০ | ২০০ | ১৪,২০০ |
| iii. | জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ (Geography and Environment) | ৯,৫০০ | ৪,০০০ | ৫০০ | ২০০ | ১৪,২০০ |
| iv. | ব্যবসায় শিক্ষা (Business Administration, THM) | ৯,৫০০ | ৩,৫০০ | ৫০০ | ২০০ | ১৩,৭০০ |
| v. | মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ (Economics, Bangla, Social Work, English, Public Ad. History) | ৯,৫০০ | ৩,৫০০ | ৫০০ | ২০০ | ১৩,৭০০ |

***GST**-এর কোন বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যে অনলাইনের মাধ্যমে প্রাথমিক ভর্তি হয়ে থাকলে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তির ক্ষেত্রে ভর্তি ফি বাবদ ৫,০০০/- টাকা **কম** জমা দিতে হবে (অর্থাৎ ১৪,২০০-৫,০০০= ৯,২০০/- বা ১৩,৭০০-৫,০০০)= ৮,৭০০/- টাকা।

ক) ভর্তি ফি সমূহ:

- বিশ্ববিদ্যালয় নির্ধারিত (৯,৫০০-৫,০০০)= ৪,৫০০/- 'ফি' জনতা ব্যাংক পিএলসি, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখায় "পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অনুন্নয়ন তহবিল এস.এন.ডি হিসাব এ এবং উপরে উল্লেখিত বিভাগীয় অন্যান্য 'ফি'সমূহ আলাদা আলাদা রশিদে জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। ভর্তি ফি প্রদানের মূল রশিদ নির্ধারিত সময়ের মধ্যে অফিসে জমা দিতে হবে। অন্যথায় ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে না এবং প্রার্থীতা বাতিল হবে।

বিশেষ শর্তাবলী: শিক্ষার্থীর প্রদত্ত তথ্যাবলীতে কোন অসংগতি পরিলক্ষিত হলে ভর্তি/প্রার্থীতা বাতিল করা হবে। ফলাফলে ভুলত্রুটি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ তা সংশোধন/বাতিল করতে পারবে।

২২/০৮/২০২৩
(বিজন কুমার ব্রহ্ম)
রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা
একাডেমিক ও স্কলারশিপ শাখা
রেজিস্ট্রার এর কার্যালয়
টেলিফোন: (০২৫৮৮৮৪৩৬৯৪)
ইমেইল : academic@pust.ac.bd


"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

স্মারক নং-পাবিপ্রবি/একা/২৩৬/৮৭০/১২ তারিখ: ২২/০৮/২০২৩ খ্রি.

অবগতির ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) ডিন, বিজ্ঞান/ ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি/ ব্যবসায় শিক্ষা/ মানবিক ও সামাজিক বিজ্ঞান/ জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ,পাবিপ্রবি;
২) চেয়ারম্যান, সিএসই/ ইইই/ গণিত/ ব্যবসায় প্রশাসন/ ইইসিই/ আইসিই/ পদার্থ বিজ্ঞান/ অর্থনীতি/ ভূগোল ও পরিবেশ/ বাংলা/ সিভিল ইঞ্জিঃ/ আর্কিটেকচার/ ফার্মেসি/ রসায়ন/ সমাজকর্ম/ পরিসংখ্যান/ নগর ও অঞ্চল পরিকল্পনা/ ইংরেজী/ লোক প্রশাসন/ ইতিহাস/ ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, পাবিপ্রবি;
৩) প্রভোস্ট, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল/শেখ হাসিনা হল, পাবিপ্রবি;
৪) প্রক্টর, পাবিপ্রবি;
৫) পরিচালক, ছাত্র উপদেষ্টা দপ্তর; পাবিপ্রবি;
৬) পরিচালক, আইসিটি সেল, পাবিপ্রবি (২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ভর্তি সংক্রান্ত এতদ্‌সঙ্গে সংযুক্ত নোটিশ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)।
৭) পি.এস. টু ভি.সি (মাননীয় উপাচার্য এর সদয় অবগতির জন্য), পাবিপ্রবি;
৮) পি.এস. টু প্রো-ভি.সি (মাননীয় উপ-উপাচার্য এর সদয় অবগতির জন্য), পাবিপ্রবি;
৯) পি এ টু ট্রেজারার (মাননীয় ট্রেজারার এর সদয় অবগতির জন্য), পাবিপ্রবি;
১০) ম্যানেজার, জনতা ব্যাংক লিমিটেড, পাবিপ্রবি শাখা;
১১) নোটিশ বোর্ড, পাবিপ্রবি;
১২) অফিস নথি।

২২.০৮.২০২৩

(মোঃ ফজলে রাব্বী খান)
অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক ও সদস্য সচিব
২০২২-২০২৩ GST গুচ্ছভুক্ত
সমন্বিত ভর্তি পরীক্ষা কমিটি
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।